



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম
লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
সাধারণ প্রশাসন শাখা



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৭৭.৭৪.০০৬.২১.৭৪

তারিখ: ১১ চৈত্র ১৪২৭

২৫ মার্চ ২০২১

বিষয়: বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা হতে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় সিলেট জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ২৭ ও ২৮ মার্চ, ২০২১ তারিখে “স্বাধীনতার সুবর্ণজয়ন্তী; স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ” উদযাপন উপলক্ষ্যে রিকাবীবাজারস্থ সিলেট জেলা স্টেডিয়াম-এর সম্মুখে সিলেট জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচির আওতায় জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) –এর উদ্যোগে নিম্নোক্ত কর্মসূচিসমূহ গ্রহণ করা হয়েছে।

কর্মসূচিঃ

ক)	২৭ মার্চ ২০২১ সকাল ১০.০০ ঘটিকায় “স্বাধীনতা সুবর্ণজয়ন্তী; স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ”- উদযাপন উপলক্ষ্যে সিলেট জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত র্যালীতে জেজিটিডিএসএল-এর কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণ (স্থান: সিলেট কেন্দ্রীয় শহীদ মিনার হতে সিলেট জেলা স্টেডিয়াম পর্যন্ত)।
খ)	২৭ মার্চ ২০২১ দুপুর ১২.৩০ ঘটিকা হতে কর্মকর্তা-কর্মচারীগণ স্বাস্থ্যবিধি মেনে স্টল পরিদর্শন (স্টল চলাকালীন সুবিধাজনক সময়ে)।
গ)	২৮ মার্চ ২০২১ দুপুর ২.৩০ ঘটিকায় জেজিটিডিএসএল- এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের চিত্র প্রদর্শনী (স্টল পরিচালনা কমিটি)।

এমতাবস্থায়, বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা হতে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় আগামী ২৭ ও ২৮ মার্চ ২০২১ “স্বাধীনতা সুবর্ণজয়ন্তী; স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ”- উদযাপন উপলক্ষ্যে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-এর প্রধান কার্যালয় এবং আরডিডি, সিলেট-মেট্রো-এর আওতাধীন আঞ্চলিক বিতরণ কার্যালয়, সিলেট-পূর্ব, সিলেট-পশ্চিম, সিলেট-উত্তর ও সিলেট-দক্ষিণ -এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে উক্ত কর্মসূচিতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫-৩-২০২১

মোঃ রফিকুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :